গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
সংসদ ও সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mos.gov.bd

**বিষয়: নৌপরিবহন মন্ত্রণালয়ের অক্টোবর, ২০২০ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী<br>সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় |
| তারিখ | : | ০৭-১২-২০২০ খ্রি: |
| সময় | : | দুপুর ০২.৩০ ঘটিকা |
| স্থান | : | নৌপরিবহন মন্ত্রণালয়ের সভা কক্ষ (কক্ষ নং-৮০৮, ভবন নং-৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ পরিশিষ্ট-ক। এছাড়া চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ; চেয়ারম্যান, পায়রা বন্দর কর্তৃপক্ষ; ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন; কমান্ড্যান্ট, মেরিন একাডেমি; অধ্যক্ষ, ন্যশনাল মেরিটাইম ইন্সটিটিউট এবং পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, চট্টগ্রাম সভায় ভার্চুয়াল সংযোগে অংশগ্রহণ করেন।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত করে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে তিনি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি, বাংলাদেশের মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। এরপর সর্বসম্মতিক্রমে গত ০২/১১/২০২০ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন) গত ০২-১১-২০২০ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন। সকল দপ্তর এবং সংস্থার প্রধান/অনুমতিপ্রাপ্ত প্রতিনিধি এবং মন্ত্রণালয়ের উপস্থিত কর্মকর্তাবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্র: নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | **জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী যথোপযুক্ত মর্যাদায় উদযাপনের লক্ষ্যে সম্ভাব্য কর্মসূচি** | ১। **সেমিনার আয়োজনঃ**<br>(ক) সভায় সভাপতি জানান যে "বঙ্গবন্ধু ও নদী মাতৃক বাংলাদেশ" শিরোনামে সেমিনারটি গত ২৯ নভেম্বর ২০২০ তারিখে হোটেল সোনারগাঁও-এ আয়োজন করা হয়েছে। সভাপতি উক্ত সেমিনারটি আয়োজনের সাথে সংশ্লিষ্ট নৌপরিবহন অধিদপ্তর, কমিটির সকল কর্মকর্তাসহ সংশ্লিষ্ট সকলতে ধন্যবাদ জানান। | ১।<br>ক) বাস্তবায়িত। | - |
| | | খ) সভায় অতিরিক্ত সচিব (উন্নয়ন) জানান যে, "বঙ্গবন্ধুর দর্শন ও সুনীল অর্থনীতি" শিরোনামে ২য় সেমিনারটি ফেব্রুয়ারি, ২০২১ সালের মধ্যে আয়োজনের লক্ষ্যে কমিটি কর্তৃক কার্যক্রম চলমান আছে। শিঘ্রই প্রধান অতিথি | **খ) (১)** সেমিনারটি আয়োজনের লক্ষ্যে অতিরিক্ত সচিব (প্রশাসন) এর নেতৃত্বে যুগ্মসচিব (প্রশাসন) ও উপসচিব (টিএ) কে সদস্য করে কমিটি গঠন করা হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন), নৌপরিবহন মন্ত্রণালয়, মন্ত্রণালয়ের প্রশাসন শাখা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | নির্বাচন করা করা হবে। সেমিনারটি ফেব্রুয়ারি, ২০২০ এর ১ম সপ্তাহে আয়োজনের জন্য সভা আলোচনা হয়। উক্ত সেমিনার আয়োজনের লক্ষ্যে অতিরিক্ত সচিব (প্রশাসন) এর নেতৃত্বে যুগ্মসচিব (প্রশাসন) ও উপসচিব (টিএ) কে সদস্য করে কমিটি গঠনের বিষয়ে সভায় আলোচনা হয়। উক্ত সেমিনার আয়োজনে বিআইডব্লিউটিএ সার্বিক সহায়তা প্রদান করবে মর্মে সভায় আলোচনা হয়। | (২) কমিটি সভা করে ফেব্রুয়ারি, ২০২১ এর ১ম সপ্তাহে সেমিনার আয়োজনের সকল কার্যক্রম চূড়ান্ত করবে।<br>(৩) সেমিনার আয়োজনে বিআইডব্লিউটিএ সার্বিক সহায়তা প্রদান করবে।<br>(৪) কমিটি ও বিআইডব্লিউটিএ স্থান নির্বাচন করবে। | এবং<br>বিআডব্লিউটিএ |
| | | **গ) বঙ্গবন্ধুঃ শাশ্বত বাংলার প্রতিরূপ"** শিরোনামে বরেণ্য ব্যক্তি/জাতীয় কমিটির সদস্যদের নিয়ে একটি সেমিনার আগামী ফেব্রুয়ারি ২০২১ এর মধ্যে নৌপথে বিআইডব্লিউটিসি'র জাহাজে আয়োজনের বিষয়ে আলোচনা হয়। নির্ধারিত সময়ের মধ্যে সেমিনারটি বিআইডব্লিউটিসির একটি আধুনিক ও মানসম্মত জাহাজে ৩০০ জন অতিথি নিয়ে আয়োজনের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম চলমান রয়েছে মর্মে চেয়ারম্যান বিআইডব্লিউটিসি সভাকে অবহিত করেন। সেমিনারটি বিআইডব্লিউটিএর নতুন সংগৃহীত নৌযান এমভি পরিদর্শনী জাহাজে আয়োজনের বিষয়েও সভায় আলোচনা হয়। এবিষয়ে অতিরিক্ত সচিব (সংস্থা-২) এর নেতৃত্বে একটি কমিটি গঠনের বিষয়ে সভায় আলোচনা হয়। উক্ত সেমিনার আয়োজনে বিআইডব্লিউটিএ সার্বিক সহায়তা প্রদান করবে মর্মে সভায় আলোচনা হয়। | **গ) (১)** আগামী ফেব্রুয়ারি ২০২১ এর মধ্যে বিআইডব্লিউটিসি নৌপথে এ সেমিনার আয়োজন সম্পন্ন করবে।<br>(২) সেমিনারটি আয়োজনের লক্ষ্যে অতিরিক্ত সচিব (সংস্থা-২) এর নেতৃত্বে উপসচিব (বাজেট) ও সিনিয়র সহকারী সচিব (বিএসসি) কে সদস্য করে কমিটি গঠন করা হবে।<br>(৩) বিআইডব্লিউটিসি মন্ত্রণালয়ের সাথে সমন্বয় করে প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করবে। | অতিরিক্ত সচিব (সংস্থা-২), নৌপরিবহন মন্ত্রণালয়, মন্ত্রণালয়ের প্রশাসন শাখা<br>এবং<br>বিআডব্লিউটিসি |
| | | ২। <u>বঙ্গবন্ধুর বক্তৃতা সংকলন ও এলবামঃ</u> সভায় জানানো হয় যে নদী, নৌপথ ও নৌবাণিজ্য নিয়ে বঙ্গবন্ধুর স্বপ্ন ও পরিকল্পনা বিষয়ে বঙ্গবন্ধু কর্তৃক গৃহীত গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত, বক্তৃতার সংকলন এবং প্রাসঙ্গিক ছবিসহ এলবাম প্রকাশনার কার্যক্রম শেষে প্রেসে প্রেরণ করা হয়েছে। উপসচিব (উন্নয়ন) জনাব সালাহউদ্দিন আহমেদ জানান যে, প্রকাশনাটির প্রচ্ছদ চূড়ান্ত করা হয়েছে। শিঘ্রই পূর্ণাঙ্গ খসড়া প্রতিমন্ত্রী মহোদয়ের নিকট উপস্থাপন করা হবে। | ২। দ্রুত প্রকাশনাটির খসড়া প্রতিমন্ত্রী মহোদয়ের নিকট উপস্থাপন করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন)<br>উপসচিব (উন্নয়ন) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৩। ডকুমেন্টারিঃ<br>নৌসেক্টর নিয়ে বঙ্গবন্ধুর ভাবনা, পরিকল্পনা, এ বিষয়ে নৌপরিবহন মন্ত্রণালয়ের অর্জন এবং নৌপরিবহন মন্ত্রণালয় সংক্রান্ত মাননীয় প্রধানমন্ত্রীর বক্তব্যসহ ৫-১০ মিনিটের তথ্যচিত্র তৈরীর অগ্রগতি বিষয়ে চেয়ারম্যান বিআইডব্লিউটিএ জানান যে বিআইডব্লিউটিএ হতে প্রাথমিক খসড়া ডকুমেন্টারী প্রস্তুত করা হয়েছে। এটি আরো যাচাই বাছাই করে চূড়ান্ত করা হবে। | ৩। বিআইডব্লিউটিএ প্রস্তুতকৃত খসড়া ডকুমেন্টারি দ্রুত চূড়ান্ত করতে হবে। | চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ |
| | | ৪। মেরিন একাডেমির শিক্ষা কার্যক্রম চালু:<br>সভায় কমান্ড্যান্ট, মেরিন একাডেমী চট্টগ্রাম জানান যে, নতুন ৪টি মেরিন একাডেমির অনুকূলে ভর্তিকৃত ২০০ জন ক্যাডেটকে স্বস্ব একাডেমীতে স্থানান্তর করে শিক্ষা কার্যক্রম পুরোপুরি চালু না করা পর্যন্ত নতুন ব্যাচে ক্যাডেট ভর্তি কার্যক্রম আরো ৬ মাস পিছিয়ে দেয়ার সমীচীন হবে। সভায় জানানো হয় যে, ৪টি মেরিন একাডেমির ক্যাডেটদের রেজিম্যেন্টাল ট্রেনিং যথাযথভাবে সম্পন্ন না করলে ক্যাডেটদের মান বজায় রাখা সম্ভব হবে না। এর ফলে বহিঃবিশ্বে দেশের ক্যাডেটদের সুনাম ক্ষুন্ন হবে।<br>সভায় নৌপরিবহন অধিদপ্তরের প্রতিনিধি জানান যে, ক্যাডেট যথাসময়ে ভর্তি না করতে পারলে ক্যাডেট স্বল্পতা সৃষ্টি হতে পারে।<br>সভায় অতিরিক্ত সচিব (প্রশাসন) জানান যে, নতুন ৪টি মেরিন একাডেমির জনবল নিয়োগের লক্ষ্যে অর্থ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত নিয়োগবিধিতে বেতনস্কেলে কিছুটা জটিলতা সৃষ্টি হয়েছে। চট্টগ্রাম মেরিন একাডেমের বিদ্যমান নিয়োগবিধি সংশোধন করে সকল মেরিন একাডেমির জন্য কমন নিয়োগবিধির বিষয়ে অর্থ বিভাগ সম্মত হয়েছে। অল্প সময়ের মধ্যে তা চূড়ান্ত হতে পারে। সভাপতি জানান যে, পুরোপুরি সক্ষমতা অর্জন ছাড়া ক্যাডেট ভর্তি করা হলে ক্যাডেটদের গুনগত মান | ৪। (ক) পাবনা, সিলেট, বরিশাল ও রংপুরে নির্মিত ৪টি মেরিন একাডেমির ২য় ব্যাচের ক্যাডেট ৬ মাস পরে করতে হবে। এ বিষয়ে গঠিত কমিটি কর্তৃক সভা করে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।<br>(খ) জনবল নিয়োগের কার্যক্রম দ্রুত সম্পন্নের লক্ষ্যে যথাযথ কার্যক্রম অব্যহত রাখতে হবে।<br>(গ) ৪টি মেরিন একাডেমির অবকাঠামোগত কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | নৌপরিবহন অধিদপ্তর, সকল মেরিন একাডেমি, মন্ত্রণালয়ের পরিকল্পনা উইং এবং নৌশিক্ষা ও প্রশিক্ষন অধিশাখা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ও যোগ্যতা নিশ্চিত করা সম্ভব হবে না। এতে বাংলাদেশী ক্যাডেটদের ভাবমূর্তি ক্ষুন্ন হবে। তিনি নতুন ব্যাচে ক্যাডেট ভর্তি কার্যক্রম আরে ৬ মাস পিছিয়ে দেয়ার বিষয়ে আলোচনা করেন। | | |
| | | ৬। <u>তথ্যচিত্র প্রদর্শনী:</u><br>সভাপতি জানান যে, বাংলাদেশ শিপিং কর্পোরেশনের কার্যাবলি ও জাহাজের তথ্য চিত্রসহ তথ্যচিত্রটি গত ২৯ নভেম্বর ২০২০ তারিখে হোটেল সোনারগাঁও এ " **বঙ্গবন্ধু ও নদী মাতৃক বাংলাদেশ" শিরোনামে** অনুষ্ঠিত সেমিনারে প্রদর্শিত হয়েছে। তথ্যচিত্রটি প্রশংসিত হয়েছে। সভাপতি তথ্য চিত্র নির্মাণের সাথে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারীদের ধন্যবাদ জানিয়েছেন। | ৬। বাস্তবায়িত। | - |
| | | ৭। **<u>বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস:</u>**<br>জাতীয় কর্মসূচির সাথে সমন্বয় করে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালনের লক্ষ্যে ১০ জানুয়ারি ২০২১ তারিখে অনুষ্ঠানের আয়োজন করতে হবে। | ৭। জাতীয় কর্মসূচি পাওয়ার পর সমন্বয় করে স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালনের জন্য সিদ্ধান্ত গ্রহীত হয়। | নৌপরিবহন মন্ত্রণালয় দপ্তর/সংস্থা (সকল)। |
| ২. | **মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি** | সভাপতি জানান যে, মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে পৃথক একটি সভা ০৭/১২/২০২০ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক যথাযথ কার্যক্রম গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়। | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে ০৭/১২/২০২০ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের আলোকে নির্ধারিত ছকে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত করে যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | সকল দপ্তর ও সংস্থা |
| ৩. | **মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়ন** | অতিরিক্ত সচিব (প্রশাসন) জানান যে, মন্ত্রিসভা বৈঠকের ১৬টি সিদ্ধান্তের মধ্যে ৪টি বাস্তবায়িত হয়েছে। তিনি প্রতিটি সিদ্ধান্ত সভায় উপস্থাপন করেন। সিদ্ধান্তগুলোর অধিকাংশই মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার আইন প্রণয়ন/বাংলা ভাষায় রুাপান্তর সংক্রান্ত। সভাপতি আইনগুলোর বিষয়ে অতিরিক্ত সচিব (প্রশাসন) এর নেতৃত্বে সংশ্লিষ্ট যুগ্মসচিব ও শাখাকর্মকর্তার সমন্বয়ে কমিটি গঠন করে কার্যক্রম গ্রহণের বিষয়ে আলোচনা করেন। প্রতিটি আইনের বিষয়ে একটি পজেশেন পেপার প্রস্তুত করতে হবে। যেসকল আইনের উপর ইতোপূর্বে | ১। মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে অতিরিক্ত সচিব (প্রশাসন) এর নেতৃত্বে একটি কমিটি গঠন করে মন্ত্রণালয়ের আইনগুলোকে বাংলায় রূপান্তরের কার্যক্রম দ্রুত নিষ্পত্তি করতে হবে।<br>২। প্রতিটি আইনের বিষয়ে একটি পজেশন পেপার প্রস্তুত করতে হবে।<br><br>৩। মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ক অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ | অতিরিক্ত সচিব (প্রশাসন)<br>সকল শাখা/সকল দপ্তর ও সংস্থা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | কার্যক্রম গ্রহণ করা হয়েছে সেগুলোকে দ্রুত চূড়ান্তকরণের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করতে হবে। | নিশ্চিত করবে। এ বিষয়ে দপ্তর/সংস্থা প্রধানগণ কার্যকর ব্যবস্থা গ্রহণ করবেন। | |
| ৪. | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি | সভাপতি জানান যে APA-তে নির্ধারিত লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের জন্য নির্দেশকভিত্তিক কর্মপরিকল্পনা নির্ধারিত সময়ে বাস্তবায়ন করতে হবে। এ বিষয়ে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা গ্রহণ করতে হবে। কর্মপরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতির বিষয়ে APA টিম কর্তৃক নিয়মিত সভা করে অগ্রগতি প্রতিবেদন দাখিল করতে হবে। এপিএ-র ইতোমধ্যে ৬মাস অতিক্রান্ত হওয়ায় একটি পর্যালোচনা সভা আয়োজনের বিষয়ে জানানো হয়। | ১। বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির লক্ষমাত্রা শতভাগ অর্জনের লক্ষ্যে প্রতিটি দপ্তর/সংস্থা কে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা গ্রহণ করতে হবে।<br>২। মন্ত্রণালয়ের APA টিম নিয়মিত সভা করে অগ্রগতি প্রতিবেদন পেশ করবে।<br>৩। বিগত ৬ মাসের অর্জন ও ভবিষ্যত কর্মপরিকল্পনা বিষয়ে ডিসেম্বর মাসে একটি সভা আয়োজন করতে হবে। | সংশ্লিষ্ট শাখা/ সকল দপ্তর/সংস্থা |
| ৫. | অডিট আপত্তি নিষ্পত্তিকরণ | এ বিষয়ে সংস্থা হতে প্রেরিত অগ্রগতি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সভায় যুগ্ম-সচিব (অডিট) জানান যে, মন্ত্রণালয়ের দপ্তর ও সংস্থসমূহের ২৯৮টি সাধারণ অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে। এছাড়া, ৬৭০টি অগ্রিম আপত্তি ও ১৩৫টি খসড়া অডিট আপত্তিসহ মোট ১১০৩টি অনিষ্পন্ন অডিট আপত্তি রয়েছে। যার সাথে ৪৩৭৪.৩৮ কোটি টাকা জড়িত আছে। অডিট আপত্তিগুলো নিষ্পত্তির লক্ষ্যে যথাযথ কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। ১৯৭২ সাল হতে ২০১০ সাল পর্যন্ত সাধারণ অডিট আপত্তি নিষ্পত্তি করা হয়েছে। সভাপতি জানান যে, দ্বিপক্ষীয়, ত্রিপক্ষীয় সভা করে অডিট আপত্তিগুলো নিষ্পত্তি করতে হবে। | ১। দপ্তর ও সংস্থার মাসিক ভিত্তিক বিভিন্ন শ্রেণির অডিট আপত্তির বিস্তারিত তালিকা এবং নিষ্পত্তিকৃত তালিকা প্রস্তুতপূর্বক যুগ্মসচিব (অডিট) বিষয়গুলো তদারকি ও যোগাযোগ করে নিষ্পত্তি করার ব্যবস্থা নিবেন।<br>২। মন্ত্রণালয়ের আইন ও অডিট শাখা সংশ্লিষ্ট দপ্তর ও সংস্থার সাথে দ্বিপাক্ষিক/ ত্রিপাক্ষিক সভা করে অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির কার্যকর পদক্ষেপ গ্রহণ করবেন। | অডিট শাখা, সকল দপ্তর/সংস্থা |
| ৬. | দেওয়ানি মামলা সংক্রান্ত তথ্য | সভায় জানানো হয়েছে, প্রতিটি মামলার নোটিশ প্রাপ্তির পরই ওকালতনামা, আইনজীবী নিয়োগ, অনুচ্ছেদওয়ারি বক্তব্য তৈরি করে যথাসময়ে সংশ্লিষ্ট আইনজীবীর নিকট পৌঁছানো ইত্যাদি কার্যক্রম গুরুত্বের সাথে বাস্তবায়ন করতে হবে। আদালত অবমাননার ক্ষেত্রে জরুরি ভিত্তিতে সংশ্লিষ্ট দপ্তর ও সংস্থা প্রধানগণ যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন। সংস্থা প্রধানগণ এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে একজন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান ও দ্রুত মামলা নিষ্পত্তির বিষয়ে বিশেষ উদ্যোগ নিতে হবে। এ ছাড়া যে সকল | **(ক) মামলার আর্জি পাওয়ার পর যথাসময়ে উপযুক্ত জবাব নির্ধারিত আদালতে আইনজীবীর মাধ্যমে উপস্থাপন নিশ্চিত করতে হবে।**<br>**(খ) সংস্থাভিত্তিক মামলার অগ্রগতি নিয়ে নিয়মিত পর্যালোচনা সভা করতে হবে।**<br>(গ) যে সকল মামলায় এ পর্যন্ত সরকারের বিরুদ্ধে রায় হয়েছে তার তালিকা ও গৃহীত কার্যক্রম বিষয়ে তথ্য অন্তর্ভূক্ত করতে হবে। | সকল দপ্তর, সংস্থা ও মন্ত্রণালয়ের আইন শাখা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | মামলায় সরকারের বিরুদ্ধে আদেশ হয় সেগুলোর বিষয়ে বিস্তারিত তথ্যাদি মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে সভায় আলোচনা হয়। মামলার তথ্য সংক্রান্ত ছকে বাদী-বিবদী পক্ষের নাম উল্লেখ করতে হবে। মন্ত্রণালয়ের দপ্তর/সংস্থাসমূহের মোট দায়েরকৃত মামলার সংখ্যা ৩৯৮টি যার মধ্যে ৩৫৯টির জবাব দাখিল করা হয়েছে, ৩৪টির জবাব দাখিল করা হয়নি এবং সরকারের পক্ষে ৫টি মামলা নিষ্পত্তি হয়েছে। | | |
| ৭. | **জাতীয় শুদ্ধাচার কৌশল** | সভায় সভাপতি জানান যে, দপ্তর/সংস্থায় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ অব্যহত রাখতে হবে। মন্ত্রণালয়ের ন্যায় দপ্তর/সংস্থা গুলোও তাদের কর্মকর্তাগনকে শুদ্ধাচার পুরস্কার প্রদান করতে হবে। মন্ত্রণালয় কর্তৃক দপ্তর/সংস্থার কর্মকর্তা গণকে শুদ্ধাচার পুরস্কার প্রদানের বিষয়টিও সভায় আলোচনা হয়। | (ক) দপ্তর/সংস্থায় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ অব্যহত রাখতে হবে।<br>(খ) মন্ত্রণালয় কর্তৃক দপ্তর/সংস্থার কর্মকর্তা গণকে শুদ্ধাচার পুরস্কার প্রদানের বিষয়টি বিবেচনা করতে হবে। | সংশ্লিষ্ট শাখা/ সকল দপ্তর/সংস্থা |
| ৮. | **তথ্য অধিকার আইন (আরটিআই)** | সভাপতি জানান যে, তথ্য অধিকার আইন অনুযায়ী তথ্য প্রাপ্তির বিষয়টি যথাযথ ভাবে নিশ্চিত করতে হবে। যে সকল তথ্য ওয়েব সাইটে প্রকাশের যোগ্য সেগুলো হালনাগাদ করে প্রকাশ করতে হবে। এছাড়া প্রতিটি দপ্তর/সংস্থার বার্ষিক প্রতিবেদন প্রকাশের বিষয়েও সভাপতি গুরুত্বারোপ করেন। | তথ্য অধিকার আইন (আরটিআই) এর আওতায় চাহিদা মোতাবেক প্রয়োজনীয় তথ্য সরবরাহের বিষয়টি নিশ্চিত করতে হবে। | সংশ্লিষ্ট শাখা |
| ৯. | **মন্ত্রণালয়ের ই-ফাইলিং, ইনোভেশন ও ওয়েবসাইট হালনাগাদকরণ** | সভায় সিস্টেম অ্যানালিস্ট জানান যে, a2i ই-ফাইল সফ্টওয়ার হালনাগাদ করার কারণে গত মাসের স্কোর সভায় উপস্থান করা হয়নি। ই-ফাইলিং কার্যক্রম আরো জোরদার করার বিষয়ে সভায় আলোচনা হয়। | প্রতিটি দপ্তর ও সংস্থা কর্তৃক ই-ফাইলিং কার্যক্রম আরো জোরদার করতে হবে এবং ধারাবাহিকতা বজায় রাখতে হবে। | সকল দপ্তর/সংস্থা/ মন্ত্রণালয়ের সকল শাখা/ অধিশাখা/আইসিটি শাখা |
| ১০. | **জেলা প্রশাসক সম্মেলন, ২০১৯ এর সিদ্ধান্ত বাস্তবায়ন** | সভায় জেলাপ্রশাসক সম্মেলন এর সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় জানানো হয় যে, ৯টি সিদ্ধান্তের মধ্যে ৪টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে। অপর সিদ্ধান্ত গুলোর বিষয়ে কার্যক্রম চলমান আছে। সভাপতি জানান যে, জেলা প্রশাসক | সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা কর্তৃক জেলাপ্রশাসক সম্মেলন এর সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নপূর্বক সুনির্দিষ্ট/হালনাদাগ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নিয়মিত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | বিআইডব্লিউটিএ/ বিআইডব্লিউটিসি/ বাস্তবক/নৌপরিবহন অধিদপ্তর ও মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট অধিশাখা/শাখা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সম্মেলনের সিদ্ধান্তের বিষয়ে হালনাগাদ তথ্য প্রেরণ করতে হবে। | | |
| ১১. | **বিবিধঃ**<br>**১। কোভিড-১৯ পরিস্থিতিতে মাস্ক পরিধানঃ** | ১। সভায় জানানো হয় যে, মন্ত্রণালয়ের করিডোরসহ দৃশ্যমান সকল জায়গায় No Mask No Entry বিষয়ে ব্যানার স্থাপন করা হয়েছে। **কোভিড-১৯ সংক্রমণের সম্ভাব্য Second wave মোকাবেলায় মাস্ক পরিধান নিশ্চিত করা**র বিষয়ে সভায় আলোচনা হয়। | ১। (ক) মন্ত্রণালয়, দপ্তর, সংস্থায় প্রতিটি কর্মকর্তা/কর্মচারীকে বাধ্যতামূলক মাস্ক পরিধান করতে হবে। সেবা গ্রহীতাগণকেও মাস্ক পরিধানের বিষয়টি নিশ্চিত করতে হবে।<br>(খ) কোভিড-১৯ বিষয়ে সরকার কর্তৃক জারীকৃত সকল নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | নৌপরিবহন মন্ত্রণালয় দপ্তর/সংস্থা (সকল)। |
| | ২।Discussion points for meeting between Bangladesh High Commissio n Singapore and Port of Singapore Authority (PSA). | ২। সভায় উপসচিব (উন্নয়ন) জানান যে, বাংলাদেশ হাইকমিশন সিঙ্গাপুর এর গত ১১/১১/২০২০ তারিখের পত্রের মাধ্যমে চবক, মোবক, পায়রা ও বিআইডব্লিইটিএ হতে Discussion points for meeting between Bangladesh High Commission Singapore and Por of Singapore Authority (PSA) বিষয়ে মতামত চাওয়া হলে চবক, পায়রা ও বিআইডব্লিইটিএ হতে তথ্যাদি সরাসরি বাংলাদেশ হাইকমিশন সিঙ্গাপুর এর নিকট প্রেরণ করা হয়েছে। মোবক মন্ত্রণালয়ে তথ্যাদি প্রেরণ করেছে।<br>সভাপতি জানান যে, দপ্তর/ সংস্থা হতে কোন তথ্য হাইকমিশন/দূতাবাস বা অন্য মন্ত্রণালয়ে সরাসরি তথ্যাদি প্রেরণ Allocation of Business এর পরিপন্থি। এ ব্যপারে ভবিষ্যতে সতর্কতা অবলম্বনের বিষয়ে আলোচনা হয়। | ২। বাংলাদেশ হাইকমিশন সিঙ্গাপুর এর পত্রের আলোকে দপ্তর/সংস্থা হতে প্রাপ্ত প্রস্তাবনাগুলো যথাযথভাবে যাচাই-বাছাই করে বাংলাদেশ হাইকমিশন সিঙ্গাপুর এর সাথে আলোচনা করা যেতে পারে। | মন্ত্রণালয়ের পরিকল্পনা উইং |
| | **৩। নৌপরিবহন মন্ত্রণালয়ের কক্ষসমূহের সংস্কার কার্যক্রম** | ৩। "Remodeling and Interior Decoretion of MoS Rooms" শীর্ষক একটি কাজ চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ গ্রহণ করেছে ও কার্যাদেশ প্রদান করেছে। এজন্য চবককে ধন্যবাদ দেয়ার প্রস্তাব করা হয়। উক্ত কাজটি যথাযথভাবে বাস্তবায়নের জন্য মন্ত্রণালয়ের প্রশাসন | ৩। (ক) মন্ত্রণালয়ের সংস্কার কাজ গ্রহণ করার জন্য চবককে ধন্যবাদ জানানো হয়।<br>(খ) মন্ত্রণালয়ের প্রশাসন উইং উক্ত কাজটি তত্ত্বাবধান করবে।<br>(গ) প্রস্তাবিত সংস্কার কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | নৌপরিবহন মন্ত্রণালয়/চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | উইং তত্ত্বাবধান করবে।<br>সভাপতি জানান যে, মন্ত্রণালয়ের সংস্কারের উক্ত কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। | (ঘ) চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে। | |

২। নৌপরিবহন মন্ত্রণালয়ের সকল দপ্তর/সংস্থা থেকে মাসিক সমন্বয় সভার সিদ্ধান্তের অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসের ০১ (এক) তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত করতে হবে।

৩। পরিশেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তারিখ: ১০-১২-২০২০ খ্রি:
(মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী)
সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়

স্মারক নম্বর: ১৮.০০.০০০০.০৩৬.০৬.০১৬.১৯ (অংশ-১)-

তারিখ ২৮ অগ্রহায়ণ ১৪২৭ ব: / ১৩ ডিসেম্বর ২০২০খ্রি:

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

১। চেয়ারম্যান, চবক/বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি/মোবক/বাস্থবক/পাবক/জাতীয় নদী রক্ষা কমিশন।
২। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, মতিঝিল বা/এ, ঢাকা।
৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, গভীর সমুদ্র বন্দর সেল, বেইলী রোড, ঢাকা।
৪। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।
৫। যুগ্মসচিব (উন্নয়ন/জাহাজ/আই.ও/ চবক/জানরক/আইন ও অডিট/পরিকল্পনা), যুগ্ম-প্রধান পরিকল্পনা, নৌপরিবহন মন্ত্রণালয়, (সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার সাথে সম্পৃক্ত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিত করার অনুরোধসহ)।
৬। কমান্ড্যান্ট, মেরিন একাডেমি, জুলদিয়া, আনোয়ারা, চট্টগ্রাম।
৭। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
৮। উপসচিব (চবক/পাবক/টিএ/নৌ শিক্ষা ও প্রশিক্ষণ/বাস্থবক/পরিকল্পনা/বাজেট/উন্নয়ন), নৌপরিবহন মন্ত্রণালয়, (সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার সাথে সম্পৃক্ত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিত করার অনুরোধসহ)।
৯। পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম।
১০। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, দক্ষিণ হালিশহর, বন্দর, চট্টগ্রাম-৪১০০।
১১। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
১২। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (টিসি/মোবক/বিএসসি/জাহাজ/আইন/উন্নয়ন-১, ২ ও ৩/পরিকল্পনা-১/২/৩/৪/৫), নৌপরিবহন মন্ত্রণালয়, (সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার সাথে সম্পৃক্ত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিত করার অনুরোধসহ)।
১৩। হিসাব রক্ষণ কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়।
১৪। অতিরিক্ত সচিব (প্রশাসন/বন্দর/উন্নয়ন/সংস্থা-১/সংস্থা-২) এর ব্যক্তিগত কর্মকর্তা,নৌপরিবহন মন্ত্রণালয়।
১৫। যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়।
১৬। প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

১৩.১২.২০২০
মোঃ আলাউদ্দিন
সহকারী সচিব